## উপজেলা পরিষদের জুন/২০২১ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| উপজেলা | ঃ | বারহাট্টা |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৯ জুন ২০২১; বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, বারহাট্টা, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মুহাম্মদ মাইনুল হক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাট্টা,নেত্রকোণা । |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট "ক" |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কাজ পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব গোলাম মোরশেদকে অনুরোধ জানানো হয়। সভার শুরুতেই বিগত ৩১ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত মে/২০২১ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং পাঠান্তে উপজেলা প্রকৌশল দপ্তরের নিম্নবর্ণিত সংশোধনী প্রস্তাব এবং অন্যান্য দপ্তরের কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ**

০১। উপজেলা প্রকৌশলী,বারহাট্টা সভায় জানান,এডিপি/২০২০-২১ অধীন ০২(দুই)টি প্যাকেজ ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/২০২০-২১ অধীন ০২(দুই)টি প্যাকেজ মোট ০৪(চার)টি প্যাকেজের উন্নয়ন কাজ আরএফকিউ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের পূর্ব সিদ্ধান্তের প্রেক্ষিতে আরএফকিউ আহ্বান করতঃ বিগত ১৩-০৬-২০২১ ইং তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ন কমিটির সভায় ঠিকাদার নির্বাচন করা হয়েছিল। প্যাকেজের উন্নয়ন কাজসমূহ দ্রুত বাস্তবায়নের স্বার্থে উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভার অনুমোদন সাপেক্ষে বিগত ১৩-০৬-২০২১ ইং তারিখে নির্বাচিত ঠিকাদারগনকে কার্যাদেশ প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত ০৪(চার)টি প্যাকেজের উন্নয়ন কাজের কার্যাদেশ প্রদানের বিষয়টি ভূতাপেক্ষভাবে নিম্নবর্ণনা মোতাবেক সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | স্কীমের বিবরন | প্রাক্কলিত মূল্য (টাঃ) | চুক্তিমূল্য (টাঃ) | ঠিকাদারে নাম ও ঠিকাণা। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১. | এডিপি/ ২০২০-২১ | ক) নারী উন্নয়ন ফোরাম খাতে বিভিন্ন ইউনিয়নের দুস্থ মহিলাদের কর্মসংস্থানের জন্য সেলাই মেশিন সরবরাহ ও খ) মৎস্য খাতে পোনা মাছ সরবরাহ ও ছাড়করন। | ৫,৩৯,০৬২.৪২ | ৫,৩৯,০৬২.৪২ | মেসার্স শামসুল আরেফিন খান,বারহাট্টা, নেত্রকোণা। | |
| ০২. | -ঐ- | ক) উপজেলা টিএন্ডটি অফিস, উপজেলা সদর ঈদগাহ মাঠ ও বারহাট্টা ক্লাবের পাশে বাউন্ডারী ওয়াল নির্মান ও খ) দেউলী ফেরীঘাট সংলগ্ন ওয়েলকাম গেইট নির্মান। | ৮,০৪,৩০০.০০ | ৮,০৪,৩০০.০০ | মেসার্স শামসুল আরেফিন খান,বারহাট্টা, নেত্রকোণা | |
| ০৩. | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/ ২০২০-২১ | ক) গাভারকান্দা কবরস্থানের ওয়াল নির্মান, খ) বারহাট্টা শ্মশানঘাট উন্নয়ন, গ) উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সোলার স্ট্রীট লাইট স্থাপন ও গ) নারী উন্নয়ন ফোরাম খাতে | ৬,১০,০০০.০০ | ৬,০৬,৯৫০.০০ | এস,বি ট্রেডার্স, প্রোঃ মনোরঞ্জন সরকার, বারহাট্টা, নেত্রকোণা। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | দুস্থ মহিলাদের কর্মসংস্থানের জন্য সেলাই মেশিন সরবরাহ | | | | |
| ০৪ | -ঐ- | ক) উপজেলা নির্বাহী অফিসার সাহেবের বাসভবনের সামনের পুকুরের প্যালাসাইডিং ও রাস্তা সংস্কার, খ) বারহাট্টা রেল লাইন হতে আনোয়ার আহম্মদ খান-এর বাসা পর্যন্ত রাস্তা উন্নয়ন, গ) হারুলিয়া মসজিদের সামনে পানি সরবরাহ ও ঘ) আসমা আফতাব উদ্দিনের বাসার সামনে পানি সরবরাহ। | ৭,৫০,০০০.০০ | ৭,৪৬,২৫০.০০ | এস,বি ট্রেডার্স, প্রো: মনোরঞ্জন সরকার, বারহাট্টা, নেত্রকোণা। | |

চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বারহাট্টা সভায় জানান, এডিপি/২০২০-২১ ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/ ২০২০-২১ অধীন 'বিবিধ' খাতের আওতায় উপখাত-এ 'দুর্যোগ পরবর্তী ত্রান/স্কাউট,গার্লস গাইড' বাবদ যথাক্রমে ৮৬,২৫০.০০ টাকা ও ২০,০০০.০০ টাকা বরাদ্দ ছিল। বর্তমানে কোভিড-১৯ এর তৃতীয় ঢেউ-এর বিস্তার প্রকট হওয়ায় অন্য কোন খাতে এ বাবদ বরাদ্দ না থাকায় উক্ত দুর্যোগ মোকাবেলার্থে বর্ণিত উপখাতে উক্ত অনুমোদিত স্কীমের পরিবর্তে জরুরী ভিত্তিতে 'মাস্ক ক্রয় ও বিতরন'-বাবদ ব্যয়ের সিদ্ধান্ত গ্রহন করা হয় ও সে মোতাবেক কাজ বাস্তবায়ন করা হয়। আলোচনান্তে উক্ত অর্থ ব্যয়ের বিষয়টি ভূতাপেক্ষভাবে সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রম | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,হাসপাতালের বহি: বিভাগ ও আন্ত:বিভাগের স্বাস্থ্য সেবাদান কার্যক্রম বিষয়ে সভায় আলোচনা করেন। তিনি জানান বারহাট্টা উপজেলায় কোন রকম বিরুপ/পার্শ্ব প্রতিক্রিয়া ছাড়াই "কৌভিড-১৯" ১ম পর্যায় ও ২য় পর্যায়ের টিকাদান কার্যক্রম শেষ হয়েছে। করোনা পরীক্ষার ১০০টি কিট পাওয়া গিয়েছিল তা দ্বারা পরীক্ষার কার্যক্রম সম্পন হয়েছে। তাছাড়া উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,বারহাট্টা, নেত্রকোণাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃকর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা |
| ৩ | উপজেলা কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি অফিসার জানান, মাঠ পর্যায়ে কৃষি বিভাগের সেবা অব্যাহত আছে এবং এ বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান এ বছর বারহাট্টা উপজেলায় বাম্পার ফলন হয়েছে। তিনি আরও জানান এ উপজেলায় প্রতি বছর কৃষি ঋণ বিতরণ করা হয়। প্রকৃত কৃষক যেন কৃষি ঋণ পায় সে বিষয়ে দৃষ্টি রাখার জন্য কৃষি ঋণ কমিটির সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার ,বারহাট্টা, নেত্রকোণাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, বারহাট্টা, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপজেলা প্রানিসম্পদ অফিসার বলেন, প্রাণিসম্পদ বিভাগের ভেটেনারী সার্জনের পদটি দীর্ঘদিন যাবত শূন্য রয়েছে। পদটি শূন্য থাকায় সেবা প্রদানে জটিলতার সৃষ্টি হচ্ছে। ভেটেনারী সার্জন পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। তিনি জানান ৫ জুন,২০২১ তারিখে প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর সহযোগীতায় তার অফিস প্রাঙ্গনে' প্রাণিসম্পদ প্রদর্শনী,২০২১" আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে তিনি সকলের উপস্থিতি কামনা করেন। তা ছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা বারহাট্টাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বারহাট্টা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২০-২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো-সংস্কার (কাবিটা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। ৪র্থ পর্যায়ের প্রকল্পসমূহের অনুমোদন পাওয়া গিয়েছে যা অতিশীঘ্র কার্যক্রম শুরু করা হবে। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ২য় পর্বের কার্যক্রম শেষ হয়েছে মর্মে সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান। | দ্রুত প্রকল্প দাখিলক্রমে কার্য সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), বারহাট্টা। |
| ৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা সভায় জানান ধারাম বিলের খনন কাজ সম্পন্ন হয়েছে। জুন মাসে ১,০০,০০০/-(এক লক্ষ টাকার) পোনা মাছের বরাদ্দ পাওয়া গিয়েছে। পোনা অচিরেই অবমুক্ত করা হবে। তাছাড়া মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা,বারহাট্টা, নেত্রকোণা |
| ৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বারহাট্টা সভায় বলেন মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনলাইন মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বারহাট্টাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বারহাট্টা। |
| ৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় অবহিত করেন যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ ছাত্র-ছাত্রীদের বাড়ী বাড়ী গিয়ে ওয়ার্ক শিট বিতরণ করছেন। সহকারী শিক্ষা অফিসারগণ কার্যক্রম তদারকী করছেন। তাছাড়া প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা,বারহাট্টা, নেত্রকোণা |
| ৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, ২০২০-২১ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দকৃত ভাতার কার্যক্রম দ্রুত সম্পন্নের করতে কাজ চলছে। শতভাগ ভাতা এবং নিয়মিত ভাতাভোগীদের 'নগদ' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রদানের নিমিত্ত হিসাব খুলতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | শতভাগ ভাতা এবং নিয়মিত ভাতাভোগীদের 'নগদ' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রদানের নিমিত্ত দ্রুতশুদ্ধ/ সঠিকভাবে হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা সভায় জানান, ইউনিয়ন ভিত্তিক বিশেষ ক্যাম্প, পরিবার পরিকল্পনা পদ্ধতি, মা ও শিশু-কিশোর কিশোরীদের স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাট্টাকে অনুরোধ করা হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | ২০২০-২১ অর্থ বছরে বারহাট্টা উপজেলায় কোন খাতে কি পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে এবং কি পরিমাণ অর্থ ঋণ হিসেবে বিতরণ করা হয়েছে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আগামী মাসের মাসিক সভায় অর্থ বরাদ্দ এবং ঋণ বিতরণের চিত্র সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মত ক্রমে গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা। |
| ১২ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় অবহিত করেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা বারহাট্টাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, বারহাট্টা। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান সাহতা এবং রায়পুর ইউনিয়ন ব্যতীত ভিজিডির চাল বিতরণ হয়েছে। প্রতি ইউনিয়নে ৫৫ জন করে ০৭ টি ইউনিয়নে মোট ৩৮৫ জনের মার্তৃত্ব ভাতার টাকা পাওয়া গেছে এবং তা সংশ্লিষ্টদের মধ্যে বিতরণের কাজ চলছে। তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বারহাট্টা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বারহাট্টাসভায় জানান তার সভায় জানান তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার জানান বিভিন্ন ইউনিয়নে প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের জন্য ঘর নির্মাণ করে গৃহহীন পরিবারের বসতি স্থাপণ করা হচ্ছে। বর্ণিত প্রকল্পে সুপেয় জলের ব্যববস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ইউনিয়ন ভিত্তিক দ্রুত নলকূপ স্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বারহাট্টা, নেত্রকোণা |
| ১৫ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | সভায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা(ভারপ্রাপ্ত) বলেন, আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বারহাট্টাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বারহাট্টা। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলার বিভিন্ন সমবায় সমিতিকে প্রদানকৃত ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বারহাট্টাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়নকর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বারহাট্টা, নেত্রকোণা সভায় জানান বর্তমানে ধান- চাউল সংগ্রহের অভিযান চলছে। ধান ক্রয় করা যাচ্ছে না। কৃষকগণ ধান নিয়ে গোদামে আসছে না। ধান নিয়ে কৃষকগণ যেন গোদামে আসে সে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি জানান তার বিভাগের অন্যান্য কার্যক্রম কাজ সুষ্ঠুভাবে চলছে। | কৃষকগণকে উদ্বুদ্ধ করনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

বিবিধঃ

০১। সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন, বাংলা ১৪২৮ সনে গোপালপুর গরুহাট্টা মহাল ইজারা কার্যক্রম নিয়ে মামলা চলমান থাকায় ইজারা প্রদান কার্যক্রমে জটিলতা সৃষ্টি হয়েছে। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে বারহাট্টাবাসীর কোরবানির পশু ক্রয়ের সুবিধার্থে শেখ রাসেল মিনি স্টেডিয়ামে অস্থায়ী পশুর হাট বসানোর জন্য প্রস্তাব করেন এবং তিনি আরো জনান শেখ রাসেল মিনি স্টেডিয়ামে অস্থায়ী কোরবানির পশুর হাট বসানোর অনুমতি চেয়ে তিনি ২৭/০৬/২০২১ তারিখে জেলা প্রশাসক বরাবর আবেদন করেছেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে এ উপজেলার সিদ্দিকনগর বাজার, দেউলী নতুন বাজার, সাহতা বাজার, গোড়াউন্দ সিদ্দিকীয়া এতিমখানা মাদ্রাসা মাঠ ও চন্দ্রপুর বাজারে অস্থায়ী পশুর হাট বসানোর আবেদন পাওয়া গেছে। সভায় কোভিড-১৯ পরিস্থিতিতে সামাজিক দূরত্ব বজায় রেখে খোলা মাঠে কোরবানির পশুর অস্থায়ী বাজার বসানোর প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বারহাট্টা সদরের শেখ রাসেল মিনি স্টেডিয়ামসহ সিদ্দিকনগর বাজার, দেউলী নতুন বাজার, সাহতা বাজার, গোড়াউন্দ সিদ্দিকীয়া এতিমখানা মাদ্রাসা মাঠ ও চন্দ্রপুর বাজারে অস্থায়ী কোরবানির পশুর হাট বসানোর অনুমতির জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের বরাবরে পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। সভায় গত ২৩ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা ফেরিঘাট/ নৌকাঘাট ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহীত দশধার বাজার নৌকাঘাট বাংলা ১৪২৮ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১( এক) বছরের জন্য ইজারার নিমিত্ত তিনবার দরপত্র আহ্বানের পরও কোন দরপত্র/ কাঙ্খিত মূল্য না পাওয়ায় পুনঃ ইজারা/ নিলাম বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে জনাব মোঃ আলম মিয়া, পিতাঃ মোঃ আঃ মজিদ, সাং- নোয়াগাঁও, বারহাট্টা, নেত্রকোণাকে ১৪২৮ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত অবশিষ্ট সময়ের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ইজারামূল্যে ইজারা প্রদানের সিদ্ধান্তের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে দশধার নৌকাঘাট বাংলা ১৪২৮ সনের অবশিষ্ট সময়ের জন্য ইজারা প্রদান না করে সরকারি রাজস্ব বৃদ্ধির স্বার্থে খাস আদায়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। **উপজেলা পরিষদের বিবিধ /আনুষাংগিক ব্যয়/ব্যয়োত্তর অনুমোদন ঃ**

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ০১ মে ২০২১ তারিখ থেকে ৩১ মে ২০২১ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপ ব্যয় করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত ব্যয়ের অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন সর্বসম্মতক্রমে গৃহীত হয়ঃ

| | |
|---|---|
| ০১ | জনাব মোঃ আনোয়ার হোসেন আজাদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদের মে/২১ মাসের সম্মানী ভাতা ২৭,০০০/- |

| | |
|---|---|
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাট্টা'র অফিসের , ফেব্রুয়ারি/২০২০ হতে মে/ ২০২১ পর্যন্ত টেলিফোন ব্যয় বিল ৫,৭৪২/- টাকা। |
| ০৩ | উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য আনসার সদস্যদের বেতন/ মজুরি ব্যয় ৯৬,০০০/- |
| ০৪ | জনাব শাহীনুর আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদের জুন/২০২১ মাসের সম্মানী ভাতা ২৭,০০০/- |
| ০৫ | উপজেলা পরিষদের দক্ষ মালীর জুন/২০২১ মাসের মজুরি ব্যয় ১৪,৮৫০/- টাকা এবং অদক্ষ মালীর জুন/২০২১ মাসের মজুরি ব্যয় ১৩,৫০০/- টাকা |
| ০৬ | উপজেলা পরিষদের জুন/২০২১ মাসের আনুষংগিক ব্যয় ৫,০০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের জুন/২০২১ মাসের আপ্যায়ন ব্যয় ৩০,০০০/- |
| ০৮ | উপজেলা পরিষদের স্থায়ী কমিটির জুন/২০২১ মাসের সভার আপ্যায়ন ব্যয় ৮,০০০/- টাকা |
| ০৯ | এপ্রিল-মে/২০২১ মাসের ইন্টারনেট ব্যয় বিল ৩,০০০/- |
| ১০ | কম্পিউটার সামগ্রী ক্রয় ৫,৯০০/- টাকা। |
| ১১ | উপজেলা পরিষদ হলরুমের বিদ্যুৎ ব্যয় বিল ১৩,৩২৭/- টাকা। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় এ পর্যায়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/৬/২২

(মুহাম্মদ মাইনুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বারহাট্টা, নেত্রকোণা
ফোন নং-০৯৫২৩-৫৬২২৮

স্মারক নং ঃ ০৫.৪৫.৭২০৯.০০০.০৬.০০১.২১- ৩৪৮

তারিখঃ ১৫ আষাঢ় ১৪২৮
২৯ জুন,২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, মাননীয় সংসদ সদস্য, ১৫৮ নেত্রকোণা-২ ও মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. চেয়ারম্যান, জেলা পরিষদ, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাট্টা, নেত্রকোণা।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাট্টা, নেত্রকোণা।
৮. উপজেলা..................................................অফিসার,বারহাট্টা,নেত্রকোণা।
৯. চেয়ারম্যান........................................ইউপি (সকল), বারহাট্টা, নেত্রকোণা।
১০. সংশ্লিষ্ট নথি।

২৯.০৬.২০২১

(গোলাম মোরশেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বারহাট্টা, নেত্রকোণা
ফোনঃ ০৯৫২৩-৫৬০০১
মোবাইলঃ +৮৮০১৭০১৩০০৩৯৯
ই-মেইলঃ unobarhatta@mopa.gov.bd